দৈনিক
ইত্তেফাক

তারিখ 20 JAN 2016
পৃষ্ঠা ৪ কলাম ৭

# বরিশাল শের-ই বাংলা মেডিক্যালের ২২৬ জনের নিয়োগ স্থগিত

## নিয়োগপ্রাপ্তদের বিক্ষোভ, আটক

■ বরিশাল অফিস

নিয়োগে অনিয়মের অভিযোগে শের-ই বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালের দুই শতাধিক কর্মচারীর নিয়োগ স্থগিত করেছে স্বাস্থ্য মন্ত্রণালয়। গতকাল মঙ্গলবার সকালে এ সংক্রান্ত একটি ফ্যাক্স বার্তা হাসপাতালে পাঠানো হয়েছে। নতুন নিয়োগপ্রাপ্ত কর্মচারীরা এ ঘটনার প্রতিবাদে বিক্ষোভ করায় পুলিশ ফয়সাল ও কাওসার গাজী নামে দুজনকে আটক করেছে। মন্ত্রণালয়ের ফ্যাক্স বার্তায় উল্লেখ করা হয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারী নিয়োগে অনিয়মের প্রমাণ মেলায় ২২৬ কর্মচারীর নিয়োগপত্রের কার্যকারিতা স্থগিত করা হয়েছে। একই সঙ্গে তাদের কোনো ধরনের আর্থিক সুবিধা না দেয়ারও নির্দেশনা দেয়া হয়েছে।

নিয়োগ স্থগিতের খবর পাওয়ার পর হাসপাতালের প্রধান গেট আটকে রেখে নতুন নিয়োগপ্রাপ্ত কর্মচারীরা বিক্ষোভ করেছেন। পরে পুলিশ গিয়ে লাঠিচার্জ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং সেখান থেকে দুজনকে আটক করে।

কোতোয়ালী মডেল থানার ওসি শাখাওয়াত হোসেন জানান, ফয়সাল ও কাওসারকে আটক করা হয়েছে। উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করে তাদের ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে। এ ঘটনায় সোমবার সাময়িক বরখাস্ত হন হাসপাতালের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ডা. মো. নিজামউদ্দিন ফারুক, উপ-পরিচালক মো. সহিদুল ইসলাম হাওলাদার এবং প্রশাসনিক কর্মকর্তা মো. আব্দুল জলিল।

প্রসঙ্গত শের-ই বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে তৃতীয় ও চতুর্থ শ্রেণির ২২৬ জন কর্মকর্তা ও কর্মচারী নিয়োগে দুর্নীতির কারণে স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে গত ৩ ডিসেম্বর তদন্ত দল বরিশালে এসে দুর্নীতির প্রমাণ পায়। গত সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে ৩ কর্মকর্তার বহিষ্কারের আদেশ প্রকাশ করা হয় এবং এর সাথে নিয়োগপ্রাপ্তদের নিয়োগও স্থগিত করা হয়।